# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ আহল বাইত, সাহাবী-তাবিয়ী ও উম্মাত

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. আবূ বাকরের সাথে রাসূলুল্লাহর (ﷺ) কথা উমার বুঝতেন না

জালিয়াতদের বানানো একটি কথা: উমার (রা) বলেছেন,

كَانَ رَسُوْلُ اللهِ ﷺ إِذَا تَكَلَّمَ مَعَ أَبِيْ بَكْرٍ كُنْتُ بَيْنَهُمَا كَالزَّنْجِيِّ الَّذِيْ لاَ يَفْهَمُ

“রাসূলুল্লাহ (ﷺ) যখন আবূ বাকরের (রা) সাথে কথা বলতেন, তখন আমি তাঁদের মাঝে অনারব হাবশীর মত হয়ে যেতাম, যে কিছুই বুঝে না।”

জালিয়াত দাজ্জালরা বলতে চায়, রাসূলুল্লাহ (ﷺ) আবূ বাক্র (রা)-এর সাথে এমন মারেফতী ভাষায় (!) কথা বলতেন যে, উমারও (রা) তাঁদের কথা বুঝতে পারতেন না। মুহাদ্দিসগণ একমত যে এ কথাটি সনদ বিহীন ভিত্তিহীন একটি মিথ্যা কথা।[1]

ফুটনোট

[1] ইবনুল কাইয়িম, আল-মানার, পৃ. ১১৫; সুয়ূতী, যাইলুল লাআলী, পৃ. ২০৩; ইবনু আর্রাক, তানযীহ ১/৪০৭; মোল্লা কারী, আল-আসরার, পৃ. ৩৪২; তাহির পাটনী, তাযকিরা, পৃ. ৯৩; শাওকানী, আল-ফাওয়াইদ ২/৪২৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4847

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন